



খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

স্মারক নং: খুমেবি/প. নি./নার্সিং শিক্ষার্থী রেজি./১০/২০২৫/ ২০৬৮

তারিখ- ১৩ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের বিএসসি ইন নার্সিং (বেসিক ও পোস্ট বেসিক) ও বিএসসি ইন মিডওয়াইফারি (পোস্ট বেসিক) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় -এর অধিভুক্ত সকল সরকারি ও বেসরকারি নার্সিং কলেজের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত বিএসসি ইন নার্সিং (বেসিক ও পোস্ট বেসিক) ও বিএসসি ইন মিডওয়াইফারি (পোস্ট বেসিক) কোর্সের শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন কার্যক্রম আগামী ০২/১১/২০২৫ ইং হতে ১৩/১১/২০২৫ ইং তারিখ পর্যন্ত চলবে। উল্লিখিত সময়ের মধ্যে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় -এর ওয়েবসাইট এর <https://shmu.breachsoft.com/registration/login> লিঙ্ক এ প্রবেশ করে যথাযথ তথ্য প্রদানপূর্বক নিবন্ধনের জন্য নির্ধারিত ফি জনতা ব্যাংক লিমিটেড, নিরালা শাখার হিসাব নং-০১০০২৩২০৭৮৭৬১ তে প্রদান করে শিক্ষার্থীর নিবন্ধন সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, যে সকল ছাত্র-ছাত্রী উল্লিখিত সময়ের মধ্যে ফরম পূরণ করতে ব্যর্থ হবে তাদেরকে আগামী ১৫/১১/২০২৫ ইং হতে ১৭/১১/২০২৫ ইং তারিখ পর্যন্ত অতিরিক্ত ৫০০/- টাকা বিলম্ব ফি সহকারে ফরম পূরণ করতে পারবে।
উল্লেখ্য যে, বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে তালিকার সাথে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের আসন বরাদ্দ (বিশ্ববিদ্যালয় ও মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত) সংক্রান্ত পত্রের অনুলিপি জমা দিতে হবে।

রেজিস্ট্রেশন ফি: (প্রতি শিক্ষার্থীর জন্য প্রযোজ্য):

ফি'র বিবরণ	বিএসসি ইন নার্সিং (বেসিক ও পোস্ট বেসিক) ও বিএসসি ইন মিডওয়াইফারি (পোস্ট বেসিক)	
	সরকারি নার্সিং কলেজ	বেসরকারি নার্সিং কলেজ
নিবন্ধন ফি	১০০০.০০ টাকা	১১০০.০০ টাকা
অন্যান্য	২০০.০০ টাকা	১২০০.০০ টাকা
মোট	১২০০.০০ টাকা	২৩০০.০০ টাকা
বিলম্ব ফি	৫০০.০০ টাকা	

ডোমেইন হোল্ডিং ফি:

নিবন্ধন প্রক্রিয়া সম্পন্নকরণ এবং ডাটাবেজ সংরক্ষণের জন্য নির্ধারিত ডোমেইন হোল্ডিং ফি (প্রত্যেক প্রতিষ্ঠানের প্রতি শিক্ষাবর্ষের প্রতি কোর্সের জন্য প্রযোজ্য) ৫০০০/- টাকা জনতা ব্যাংক লিমিটেড, নিরালা শাখায়, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়-এর ডোমেইন হোল্ডিং শিরোনামে হিসাব নং-০১০০২৩২০৭৮৭৬১ তে জমা দিয়ে জমাদানের রশিদ ফরওয়ার্ডিংসহ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে রজিস্ট্রার ছবিসহ নিবন্ধন কার্ড, নিবন্ধন তালিকা, ডাটা ফরমের সাথে এসএসসি ও এইচএসসি/ডিপ্লোমার মার্কসীট এর সত্যায়িত কপি, BNMC এর নিবন্ধন কার্ড (RN Card), এডমিশন টেস্টের রেজাল্ট, NID কার্ডের সত্যায়িত কপিসহ সকল কাগজপত্র ১৮.১১.২০২৫ ইং তারিখ এর মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Nasir 29/10/2025

(ডা. নাছরিন আক্তার)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

০১৯১১০৮৮৯৯৬

তারিখ- ১৩ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নং: খুমেবি/প. নি./নার্সিং শিক্ষার্থী রেজি./১০/২০২৫/ ২০৬৮ (২২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১) কোষাধ্যক্ষ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২) ডিন, নার্সিং অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩) অধ্যক্ষ, খুলনা নার্সিং কলেজ, খুলনা/খুলনা মহম্মদা নার্সিং কলেজ, খুলনা/এশিয়ান নার্সিং কলেজ, খুলনা/নার্সিং মেমোরিয়াল নার্সিং কলেজ, বাগেরহাট/ওয়ার্ল্ড নার্সিং কলেজ, মাগুরা/ নার্সিং এন্ড মিডওয়াইফারি কলেজ, খুলনা/ নার্সিং এন্ড মিডওয়াইফারি কলেজ, যশোর/ খায়রুল্লাহ নার্সিং কলেজ, চৌগাছা, যশোর।
- ৪) পিএস টু ভিসি অত্র বিশ্ববিদ্যালয় (বিষয়টি ভিসি মহোদয়ের দৃষ্টিগোচর করার অনুরোধসহ)
- ৫) পিও টু রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬) অর্থ ও হিসাব শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭) নোটিশ বোর্ড
- ৮) দপ্তর নথি, সংরক্ষণ নথি

Amir 29-10-2025

মো. অহিদুজ্জামান

প্রশাসনিক কর্মকর্তা, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়